গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
প্রশাসন শাখা

# প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | নাসরীন আফরোজ<br>ব্যবস্থাপনা পরিচালক |
| সভার তারিখ | ২২ আগস্ট ২০২১ খ্রি. রবিবার |
| সভার সময় | দুপুর : ১.০০ টায় |
| স্থান | ট্রাস্টের সম্মেলন কক্ষে |
| উপস্থিতি | পরিশিষ্ট “ক” |

সভার শুরুতে সভাপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৫ই আগস্টে শাহাদত বরণকারী বঙ্গবন্ধুর পরিবারের সকল সদস্যের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। সভাপতি ১৫ আগস্ট ২০২১ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে শোক দিবস পালন কার্যক্রম সফলভাবে সম্পন্ন হওয়ায় ট্রাস্টের সকল কর্মকর্তা কর্মচারীকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, (প্রশাসন) গত ১৮ জুলাই ২০২১ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করেন। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

**০৩। সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :**

| ক্রম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | লকডাউন চলাকালীন সময়ে ট্রাস্টের উপবৃত্তি শাখার কার্যক্রমের হালনাগাদ তথ্য ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালককে অবহিত করা হয়নি মর্মে সভায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। এ বিষয়ে সভায় আলোচনা হয়। | কোনো শাখার কর্মকর্তা/কর্মচারী ব্যবস্থাপনা পরিচালককে অসম্পূর্ণ, ভুল ও মিথ্যা তথ্য প্রদান করতে পারবেনা। এধরনের গর্হিত কার্যকলাপের জন্য তার বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। | কর্মকর্তা/কর্মচারী সকল |
| ২. | ট্রাস্টের প্রোগ্রামার সভায় জানান, ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সফটওয়্যার এর মাধ্যমে ২০২০ সালের উপবৃত্তি প্রদান কার্যক্রম চলাকালীন সময়ে উদ্ভুত সমস্যাগুলো নিরসনের লক্ষ্যে গত ৩ আগস্ট ২০২১ তারিখে সিনেসিস আইটির সাথে একটি সভা আয়োজন করা হয়। উক্ত সভার কার্যবিবরণী সিনেসিস আইটির নিকট প্রেরণ করা হয়েছে। সফটওয়্যারটির বিদ্যমান সমস্যা সমাধানে এবং আরও জনবান্ধব করা যায় কিনা সে বিষয়ে সভায় আলোচনা হয়। | ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারটির বিদ্যমান সমস্যা সমাধান এবং এটিকে আরও জনবান্ধব করার লক্ষ্যে সিনেসিস আইটির সাথে আগামী ২৬ আগস্ট ২০২১ তারিখের মধ্যে সভা আয়োজন পূর্বক বিদ্যমান সমস্যা সমাধান করে ব্যবস্থাপনা পরিচালককে অবহিত করতে হবে। | প্রোগ্রামার |

| | | | |
|---|---|---|---|
| ৩. | ট্রাস্টের ‘ব্যবস্থাপনা পরিচালক-এর জরুরি তহবিল পরিচালন নির্দেশিকা, ২০২০’ এর আওতায় যে সকল আবেদন জমা পড়েছে সেগুলোর ডাটাবেজ তৈরির বিষয়ে সভায় আলোচনা হয়। ট্রাস্টের পরিচালক সভায় জানান, এসব আবেদন ডাটাবেজ এ সংরক্ষণ করা হলে যেকোনো সময়ে যেকোনো আবেদনকারীর তথ্য সহজেই খুঁজে পাওয়া যাবে এবং কোনো আবেদনকারী আর্থিক সহায়তা প্রাপ্তির জন্য নির্বাচিত অথবা বাতিল হলে তার কারণ তাৎক্ষণিকভাবে নিরূপন করা সহজ হবে। | ‘ব্যবস্থাপনা পরিচালক-এর জরুরি তহবিল পরিচালন নির্দেশিকা, ২০২০’ এর আওতায় যেসকল আবেদনপত্র জমা পড়বে তার ডাটাবেজ তৈরি করতে হবে। | প্রোগ্রামার |
| ৪. | বঙ্গবন্ধু স্কলার নির্বাচনের লক্ষ্যে বাছাইকৃত শিক্ষার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | সুবিধাজনক সময়ে বঙ্গবন্ধু স্কলার নির্বাচনের লক্ষ্যে বাছাইকৃত শিক্ষার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। | উপ-পরিচালক |
| ৫. | ট্রাস্টের উপদেষ্টা পরিষদের ৭ম সভা এবং ট্রাস্টি বোর্ডের দ্বাদশ সভা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। | ট্রাস্টের উপদেষ্টা পরিষদের ৭ম সভা এবং ট্রাস্টি বোর্ডের দ্বাদশ সভা আয়োজনের লক্ষ্যে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) |
| ৬. | প্রতি মাসে APA সংশ্লিষ্ট কাজের অগ্রগতির তথ্য সমন্বয় সভায় পেশ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | প্রত্যেক শাখার কর্মকর্তা প্রতি মাসে স্ব স্ব শাখার APA সংশ্লিষ্ট কাজের তথ্য ওয়েবসাইটে আপলোড হয়েছে কিনা তা নিশ্চিত করবেন। | কর্মকর্তা সকল |
| ৭. | ট্রাস্টের সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় জানান, ইতোমধ্যে ৪০ টি জেলায় ‘শিক্ষা সহায়তা ব্যবস্থাপনা ও উপবৃত্তি বাস্তবায়ন’ শীর্ষক কর্মশালা অনলাইনে অনুষ্ঠিত হয়েছে। তিনি অবশিষ্ট ২৪ টি জেলায় কর্মশালাগুলো আয়োজনের বিষয়টি সভায় উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আগামী সেপ্টেম্বর ২০২১ মাস থেকে অবশিষ্ট ২৪ টি জেলায় অনলাইনে কর্মশালা আয়োজনের ব্যবস্থা করতে হবে। | সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) |
| ৮. | প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের নামে বিকাশ ওয়ালেট খোলা যায় কিনা সে বিষয়ে সভায় আলোচনা হয়। | প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের নামে বিকাশ ওয়ালেট খোলা হবে। | সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) |
| ৯. | বর্ষাকালে ডেঙ্গু বা এডিস মশার বংশ বিস্তার রোধে ট্রাস্ট অফিসের পরিস্কার পরিচ্ছন্নতার বিষয়ে আলোচনা হয়। | প্রত্যেক কর্মকর্তা-কর্মচারী তার নিজ কক্ষের পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করবেন। | কর্মকর্তা/কর্মচারী সকল |
| ১০. | সামাজিক দূরত্ব বজায় রেখে ট্রাস্টের সকল কর্মকর্তা/কর্মচারীর দাপ্তরিক কাজে অংশগ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সামাজিক দূরত্ব বজায় রেখে ট্রাস্টের সকল কর্মকর্তা/কর্মচারী নিয়মিত অফিসে উপস্থিত থেকে দায়িত্ব পালন করবেন এবং সকলকে আবশ্যিকভাবে স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) |

৪। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.০৬.০০২.১৮.১০৪ তারিখ: ৯ ভাদ্র ১৪২৮

২৪ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩) উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৪) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৫) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৬) সহকারী পরিচালক , প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৭) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৮) প্রোগ্রামার , আইসিটি শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৯) সহকারী প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১০) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১১) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১২) হিসাব রক্ষক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৩) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৪) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৫) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৬) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৭) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৮) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৯) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

২০) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

RJahan

রেজওয়ানা আক্তার জাহান

সহকারী পরিচালক